দৈনিক সংবাদ

তারিখ 30 SEP 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

৩৪

## শিক্ষক ও উপকরণের অভাব

# লক্ষ্মীপুরে দু'লক্ষাধিক ছাত্রছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে

লক্ষ্মীপুর, ২৯শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– শিক্ষক সংকট ও প্রয়োজনীয় উপকরণের অভাবে লক্ষ্মীপুর জেলায় দু'লক্ষাধিক ছাত্রছাত্রীর লেখাপড়া ব্যাহত হচ্ছে।

জেলার সদর থানায় ২শ' ১৫টি, রায়পুরে ৮৪টি, রামগতিতে ৯১টি ও রামগঞ্জে ১শ' ২২টি সহ মোট ৫শ' ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ২ লাখ ২৫ হাজার। কিন্তু ছাত্রছাত্রীর সংখ্যা বাড়লেও শিক্ষকের সংখ্যা বাড়েনি। গত ২০ বছরে জেলায় প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি হয়েছে মাত্র ৩৪টি। বর্তমানে ৭৮টি শিক্ষকের পদ শূন্যই রয়েছে। তদুপরি বিদ্যালয়গুলোতে বেঞ্চ, টেবিল, চেয়ার, ব্লাক বোর্ডসহ প্রয়োজনীয় আসবাবপত্র ও উপকরণের সংকট চলছে। কিন্তু তা নিরসনের কোন উদ্যোগ নেই। প্রায় দু'শ' সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ জরাজীর্ণ। সেগুলোর কোন উন্নয়ন নেই। বর্ষা মৌসুমে এসব বিদ্যালয়ের ছাদ চুইয়ে পানি পড়ে। টিনের ফুটো দিয়ে বৃষ্টি ঝরে। তাই মেঘ দেখলেই ছুটির ঘন্টা বাজে। লেখাপড়া আদৌ হয় না। এসব বিদ্যালয়ের পুনঃনির্মাণের কোন উদ্যোগ চোখে পড়ছে না।

অপর এক অভিযোগে জানা যায়, ১৯৯১–৯২ থেকে ১৯৯৩–৯৪ পর্যন্ত জেলায় ২শতাধিক সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুনঃনির্মাণ ও মেরামতের কাজ শেষ হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধানে এই সব বিদ্যালয়ের কাজে অত্যন্ত নিম্নমানের সরঞ্জাম ব্যবহার করায় অধিকাংশ বিদ্যালয়ের ছাদ চুইয়ে বৃষ্টির পানি পড়ে। এসব বিদ্যালয়ে যেসব আসবাবপত্র সরবরাহ করা হয়েছে তাও নিম্নমানের হওয়ায় অল্পদিনের মধ্যেই ক্ষতিগ্রস্ত হয়েছে কিংবা হচ্ছে। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকরা এ ধরনের অভিযোগ করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে লেখালেখি করার কথাও জানান। কিন্তু প্রতিকার মেলেনি।